আজকের কাগজ

তারিখ 05 NOV 1991
পৃষ্ঠা 6 কলাম 8

৩৮

43

# গাজীপুরে ইসলামী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মুক্ত বিশ্ববিদ্যালয় হচ্ছে

**শাহনেওয়াজ :** গাজীপুরে সাবেক ইসলামী বিশ্ববিদ্যালয়ে মুক্ত বিশ্ববিদ্যালয়, এফিলিয়েটিং বিশ্ববিদ্যালয় তৈরি করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। গতকাল সোমবার বঙ্গভবনে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদের বৈঠকে এই সিদ্ধান্ত নেয়া হয়।

মন্ত্রিপরিষদের দায়িত্বশীল একটি সূত্রে জানা গেছে, ৫০ একরের ওপর বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হওয়ার পর বাকি জায়গায় ৫শ' বেডের একটি হাসপাতাল হবে।

এদিকে শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট একটি সূত্র জানায়, মুক্ত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পরিকল্পনা ১৯৮৯ সালে নেয়া হয়। আট সদস্যের একটি প্রতিনিধিদল নয়াদিল্লি, ইসলামাবাদ ও লন্ডনে উক্ত মুক্ত বিশ্ববিদ্যালয় পরিদর্শন করে সে বছর আগস্ট মাসে শিক্ষা মন্ত্রণালয়ে একটি প্রতিবেদন পেশ করে।

মুক্ত বিশ্ববিদ্যালয়ের জন্যে ইতিমধ্যে একটি খসড়া পরিকল্পনা তৈরি করা হয়েছে। পাঁচ বছরের পরিকল্পনার মধ্যে রয়েছে দুই বছর কাঠামো তৈরি, লোক নিয়োগ, জনবল তৈরি, পাঠ্যক্রম ও পাঠ্যসূচি প্রণয়ন। বাকি তিন বছর নিরক্ষরতা দূরীকরণের দায়িত্বে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকদের প্রশিক্ষণ, দুর্যোগ মোকাবেলা প্রশিক্ষণসহ ১৪টি বিষয়ে প্রশিক্ষণ। পরবর্তী পাঁচ বছর আরো অতিরিক্ত ১৩টি বিষয়ে শিক্ষাদান। মুক্ত বিশ্ববিদ্যালয়টি দূরশিক্ষণ-এর মতো গড়ে তোলা হবে বলে সূত্রে আভাস দেয়া হয়।

মুক্ত বিশ্ববিদ্যালয়ের জন্যে উপাচার্য অথবা পরিকল্পনা পরিচালক, উপ-উপাচার্য অথবা উপ-পরিচালক নিয়োগ করা হবে। এ বিষয়ে খুব শিগ্গির একটি অধ্যাদেশ জারি করা হবে।

মুক্ত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ব্যাপারে এশিয়ান উন্নয়ন ব্যাংক ৩ কোটি ডলার সাহায্য দেবে। উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের জন্যে মোট ব্যয় হবে ৪ কোটি ৩০ লাখ ডলার। বাকিটুকু বাংলাদেশ বহন করবে।